দৈনিক ইনকিলাব

তারিখ JUL 27 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

## ছাত্র-শিক্ষকদের বৃত্তি দিতে আব্দুল্লাহ ফারুক ট্রাস্ট ফান্ড গঠন

ইউএনবি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষকদের বৃত্তি প্রদানের জন্য অধ্যাপক আব্দুল্লাহ ফারুক ট্রাস্ট ফান্ড গঠন করেছে।

মরহুম অধ্যাপকের পত্নী সুফিয়া ফারুক ঢাকা ভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর কাছে গতকাল ২ লাখ টাকার একটি চেক হস্তান্তর করেছেন।

এই অর্থের লভ্যাংশ থেকে প্রতিবছর বিজনেস স্টাডিজ ফ্যাকাল্টির (ব্যবসা শিক্ষা অনুষদের) একজন শিক্ষককে গবেষণায় সর্বোচ্চ অবদানের জন্য এক তোলা ওজনের একটি স্বর্ণপদক দেয়া হবে।

এ ছাড়া মার্কেটিং বিভাগের একজন ছাত্রকে বিবিএ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্তির জন্য ১০ হাজার টাকা বৃত্তি হিসেবে প্রদান করা হবে।



শাহরীয়া



ফিরোজ হাসান



ফয়জুল কবির



রোকাইয়া রুম্মান

## হাজী মরন আলী ইসলামিয়া ফাজিল মাদ্রাসার ৪ শিক্ষার্থীর টেলেন্টপুলে বৃত্তি লাভ

প্রেস বিজ্ঞপ্তি ঃ ১৯৯৮ সালের বাংলাদেশ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবতেদায়ী ৫ম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় ঢাকা মহানগরীর নাখালপাড়া, তেজগাঁও-এ অবস্থিত হাজী মরন আলী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা থেকে মোঃ শাহরীয়া (পিতা মোঃ শামসুল হক), মোঃ ফিরোজ হাসান (পিতা আবু জাফর মোঃ ছালেহ), মোঃ ফয়জুল কবির (পিতা মোঃ হুমায়ূন কবির) যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করে টেলেন্টপুলে বৃত্তি লাভ করেছে।

এছাড়াও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৮ সালের জুনিয়র (৮ম শ্রেণী) বৃত্তি পরীক্ষায় একই মাদ্রাসা থেকে রোকাইয়া রুম্মান প্রথম স্থান অধিকার করে টেলেন্টপুলে বৃত্তি লাভ করেছে। উল্লেখ্য, ইতিপূর্বে তার বোন ফাতেমা মারজান দাখিল ও আলিম পরীক্ষায় মেধা তালিকায় স্থান লাভ করে কৃতিত্বের পরিচয় দিয়েছে। রোকাইয়া রুম্মান বিশিষ্ট লেখক ও গবেষক মাওলানা মুহাম্মদ ঈসা শাহেদীর ২য় কন্যা।